রাসূলুল্লাহ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আবূ বকর ও উমার রাদিয়াল্লাহু আনহুমা সালাত আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন দ্বারা আরম্ভ করতেন। অপর বর্ণনায় বর্ণিত: আমি আবূ বকর, উমার ও উসমান রাদিয়াল্লাহু আনহুমের সাথে সালাত আদায় করেছি। তাদের কাউকে বিসমিল্লাহির রাহমানির রাহীম পড়তে শুনিনি। আর সহীহ মুসলিমের বর্ণনায় বর্ণিত: আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আবূ বকর, উমার ও উসমান রাদিয়াল্লাহু আনহুমের পিছনে সালাত আদায় করি, তারা আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন দ্বারা সালাত আরম্ভ করতেন। তারা বিসমিল্লাহির রাহমানির রাহীম কিরাতের শুরুতে এবং শেষে উল্লেখ করতেন না।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আবূ বকর ও উমার রাদিয়াল্লাহু আনহুমা সালাত আলহামদু লিল্লাহি
রাব্বিল আলামীন দ্বারা আরম্ভ করতেন। অপর বর্ণনায় বর্ণিত: আমি আবূ বকর, উমার ও উসমান রাদিয়াল্লাহু আনহুমের সাথে সালাত আদায় করেছি। তাদের কাউকে বিসমিল্লাহির রাহমানির রাহীম পড়তে শুনিনি। আর সহীহ মুসলিমের বর্ণনায় বর্ণিত: আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং আবূ বকর, উমার ও উসমান রাদিয়াল্লাহু আনহুমের পিছনে সালাত আদায় করি,
তারা আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন দ্বারা সালাত আরম্ভ করতেন। তারা বিসমিল্লাহির রাহমানির রাহীম কিরাতের শুরুতে এবং শেষে উল্লেখ করতেন না।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সহচর্যে দীঘ সময় থাকা এবং তার ও খুলাফায়ে রাশেদীনের সান্নিধ্যে জমে থাকা সত্বেও তাদের কারো থেকে সালাতে কিরাতের শুরুতে বা শেষে বিসমিল্লাহির রাহমানির রাহীম পড়তে শুনেননি। তারা আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন দ্বারা সালাত আরম্ভ করতেন। আলেমগণ বিছমিল্লাহ-এর প্রচলনের বিধান এবং তা উচ্চ আওয়াজে পড়া সম্পর্কে বিভিন্ন মতামত দিয়েছেন। আলেমগণের বিশুদ্ধ মত হলো সালাত আদায়কারী সূরা ফাতিহার পূর্বে সালাতের প্রতি রাকা‘আতে বিছমিল্লাহ নিম্ন আওয়াযে পড়বে। চাই জাহরি সালাত হোক বা আস্তে কিরাত পড়া সালাত হোক।

http://sunnah.global/hadeeth/bn/show/3327